

## 🔳 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১১৩

### **া** আরবি মূল আয়াত:

# وَ جَآءَ السَّحَرَةُ فِرعَونَ قَالُوا إِنَّ لَنَا لَاجِرًا إِن كُنَّا نَحنُ الغَلِبِينَ

#### 

আর যাদুকররা ফির'আউনের কাছে আসল। তারা বলল, 'নিশ্চয় আমাদের জন্য পারিশ্রমিক আছে, যদি আমরা বিজয়ী হই?' — আল-বায়ান

যাদুকররা ফিরআউনের নিকট এসে বলল, আমরা যদি বিজয়ী হই, তবে আমাদের জন্য পুরস্কার আছে তো? — তাইসিকল

যাদুকরেরা ফির'আউনের কাছে এসে বললঃ আমরা যদি বিজয় লাভ করতে পারি তাহলে আমাদের জন্য পুরস্কার থাকবে তো? — মুজিবুর রহমান

And the magicians came to Pharaoh. They said, "Indeed for us is a reward if we are the predominant." — Sahih International

১১৩. জাদুকররা ফিরআউনের কাছে এসে বলল, আমরা যদি বিজয়ী হই তবে আমাদের জন্য পুরস্কার থাকবে তো?(১)

(১) ফিরআউনের জাদুকররা প্রথমে এসেই মজুরী নিয়ে দরকষাকষি করতে শুরু করল। তার কারণ যারা ভ্রান্তবাদী পার্থিব লাভই হল তাদের মূখ্য। কাজেই যেকোন কাজ করার পূর্বে তাদের সামনে থাকে বিনিময় কিংবা লাভের প্রশ্ন। অথচ নবী-রাসূলগণ এবং তাদের যারা নায়েব বা প্রতিনিধি তারা প্রতি পদক্ষেপে ঘোষণা করেনঃ "আমরা যে সত্যের বাণী তোমাদের মঙ্গলের জন্য তোমাদেরকে পৌছে দেই তার বিনিময়ে তোমাদের কাছে কোন প্রতিদান কামনা করি না। বরং আমাদের প্রতিদানের দায়িত্ব শুধু আল্লাহর উপরই রয়েছে।" [সূরা আস-শু'আরাঃ ১০৯, ১২৭, ১৪৫, ১৬৪, ১৮০] ফির'আউন তাদেরকে বললঃ তোমরা পারিশ্রমিক চাইছ? আমি পারিশ্রমিক তো দেবই আর তার সঙ্গে তোমাদেরকে শাহী দরবারের ঘনিষ্ঠদের অন্তর্ভুক্ত করে নেব।

তাফসীরে জাকারিয়া

(১১৩) যাদুকরেরা ফিরাউনের নিকট এসে বলল, 'আমরা যদি বিজয়ী হই, তাহলে আমাদের জন্য পুরস্কার থাকবে তো?'



## 🗘 hadithbd.com — কুরআন — আল-আ'রাফ। Al-A'raf | اَلْأَعْرَاف

\_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1067

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন